শেখ হাসিনার উদ্যোগ

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
কারারগাতী, গোপালগঞ্জ।
টেলিফোন নং-০২৬৬৮৫৭১৪,০২৬৬৮৫৫৭৮
E-mail:gopalgonj_pbs@yahoo.com
Web site: www. pbs.gopalganj.gov.bd

ISO-9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০২.০০৮.২৩. ৮৮৫৪

তারিখঃ ০৮ ভাদ্র' ১৪৩০ বঙ্গাব্দ।
২৩ আগষ্ট' ২০২৩ খ্রিষ্টাব্দ।

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির "**বিলিং সুপারভাইজারের**" শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারী গণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে)সহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | **বিলিং সুপারভাইজার ০১(এক)টি** | ক) প্রার্থীকে বিলিং সহকারী পদে নিয়মিতভাবে ন্যূনতম ০৭ (সাত) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) প্রার্থীকে বিলিং কম্পিউটার, সার্ভার এবং অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণে পারদর্শী হতে হবে।<br>ঙ) প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) টি ইংরেজী এবং ১০ (দশ) টি বাংলা শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।<br>চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য সকল শর্ত পূরণ করতে হবে। |

### আবেদন করার পদ্ধতিঃ

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে (A4 সাইজের কাগজে)) স্বহস্তে বাংলায় লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) স্বামীর নাম, (ঘ) মাতার নাম, (ঙ) যোগাযোগের ঠিকানা, (চ) স্থায়ী ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ঠ) নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের ফটোকপি, পবিস নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি, সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ইউপি/পৌর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা(কোনরূপ দন্ড যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক আবেদনপত্র সহ **আগামী ০৯/০৯/২০২৩ খ্রিঃ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকার** সময় গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ -এ স্ব-শরীরে উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

### শর্তাবলীঃ

০১। পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত ) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪(চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩(তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

চলমান পাতা-০২

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০২। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে 'চলতি দায়িত্বে' নিয়োগ প্রদান করা হবে।

০৩। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য 'চলতি দায়িত্বে' নিয়োগ দেওয়া হবে। 'চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে পবিস নির্দেশিকা ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী অন্যান্য যোগ্যতা অর্জন স্বাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণ করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪। প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ, সর্বেশেষ ০৩ বছরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে কোন লঘু দন্ড প্রাপ্ত নন, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৪ বৎসরের ভিতর একবার গুরুদন্ড ও ০১ বার লঘু দন্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকার অর্থাৎ গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং নড়াইল জেলার লোহাগড়া উপজেলার ইতনা ইউনিয়নের লংকার চর, পাংখার চর, চর পানপুর, চর সুচাইল, চর পাঁচাইল ও চর ঘোনাপাড়া গ্রামে স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই ।

০৬। গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/কর্মচারী, পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৭। পদোন্নতির ক্ষেত্রে "গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২(সংশোধিতঃ ২০১২)" ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৮। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৯। তথ্য গোপন করে যদি কেও নিয়োগপ্রাপ্ত হন তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১১। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। যে কোন আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হল।)**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের-কে অবহিত করনের জন্য অনুরোধ করা হল।)
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৬। ডিজিএম,(সদর দপ্তর-কারিগরী)/মুকসুদপুর/কাশিয়ানী/টুঙ্গিপাড়া/কোটালীপাড়া জোনাল অফিস, গোপালগঞ্জ পবিস।
০৭। একান্ত সচিব, (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৮। এজিএম, (প্রশাসন/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম/এম.এস/আইটি),গোপালগঞ্জ পবিস।
০৯। এজিএম (ওএন্ডএম) টেকেরহাট/রামদিয়া সাব-জোনাল অফিস, গোপালগঞ্জ পবিস।
১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইড, গোপালগঞ্জ পবিস।

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার